নওগাঁ বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ন:বি:/০৫/২০২৬/৪০০/৭৪৯

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ : ১৫ নভেম্বর ২০২৬

নওগাঁ বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত বিভাগে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	বিভাগের নাম	পদের নাম	গ্রেড	সংখ্যা
০১	ইংরেজি বিভাগ	সহযোগী অধ্যাপক	(গ্রেড-৪)	০১
		সহকারী অধ্যাপক	(গ্রেড-৬)	০১
		প্রভাষক	(গ্রেড-৯ম)	০২
০২	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ	সহযোগী অধ্যাপক	(গ্রেড-৪)	০১
		সহকারী অধ্যাপক	(গ্রেড-৬)	০১
		প্রভাষক	(গ্রেড-৯ম)	০২
০৩	হিসাববিজ্ঞান বিভাগ	প্রভাষক	(গ্রেড-৯ম)	০১

শর্তাবলী :

১) আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পদের জন্য ৮ (আট) সেট আবেদন পত্র আগামী ৩০/১১/২০২৬ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়, বাইপাস সড়ক, বরুনকান্দি মোড়, নওগাঁ-৬৫০০ ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।

২) বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (www.nau.ac.bd)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে এবং নিয়োগের অন্যান্য শর্তাবলী বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট থেকে পাওয়া যাবে।

৩) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (খ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি (ঘ) জীবন বৃত্তান্ত (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিক সনদপত্র।

৪) আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়ের অনুকূলে জনতা ব্যাংক পিএলসি'র যেকোনো শাখা থেকে সকল পদের জন্য ৬০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

৫) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে, অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৬) প্রার্থীদের নিজ ঠিকানা সম্বলিত ২২/- (বাইশ) টাকার ডাক টিকিটসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

স্বা./-
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নওগাঁ বিশ্ববিদ্যালয়।